গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
এইচআরএম ইউনিট
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৬.৪১.০০০২.২৩.২২৫

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধিনস্থ সকল সরকারি কলেজে উচ্চ মাধ্যমিক, ডিগ্রি, অনার্স ও মাস্টার্স পর্যায়ে পঠিত বিষয়সমূহ অনুমোদনের কপি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধিনস্থ সকল সরকারি কলেজে (২০১৮ বিধিতে জাতীয়করণকৃতসহ) পদসৃজনের জন্য উল্লিখিত কলেজেসমূহে পঠিত বিষয়সমূহের (১. উচ্চ মাধ্যমিক পর্যায়ের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক এবং ২. ডিগ্রি, অনার্স ও মাস্টার্স পর্যায়ের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক) অনুমোদনের অনুলিপি প্রয়োজন।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধিনস্থ সকল সরকারি কলেজে পঠিত বিষয়সমূহের অনুমোদনের অনুলিপি (হার্ডকপি) আগামী ০৮/১১/২০২৬ তারিখের মধ্যে উপপরিচালক, এইচআরএম, (কক্ষ নং-৫৩০) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২-১১-২০২৬
মো: শওকত হোসেন মোল্যা
উপ-পরিচালক

অধ্যক্ষ
সকল সরকারি কলেজ (জাতীয়করণকৃত কলেজসহ)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১১৬.৪১.০০০২.২৩.২২৫/১ (৪)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাউশি অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি, এইচআরএম শাখা, মাউশি অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।



০২-১১-২০২৬
মো: শওকত হোসেন মোল্যা
উপ-পরিচালক

CamScanner